

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২১৬৭

৯. পানীয় অধ্যায় (کتاب الأشربة)

পরিচ্ছেদঃ ২৪. যিনি দাঁড়িয়ে পান করা অপছন্দ করেন

بَابِ مَنْ كَرِهَ الشُّرْبَ قَائِمًا

## আরবী

أَخْبَرَنَا سَعِيدُ بْنُ الرَّبِيعِ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ أَبِي زِيَادِ الطَّحَّانِ قَالَ سَمِعْتُ أَبَا هُرَيْرَةَ عَنْ النَّبِيِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ لِرَجُلٍ رَآهُ يَشْرَبُ قَائِمًا قِئْ قَالَ لِمَ قَالَ أَتُحِبُّ أَنْ تَشْرَبَ مَعَكَ شَرَّبُ قَائِمًا قِئْ قَالَ لِمَ قَالَ أَتُحِبُّ أَنْ تَشْرَبَ مَعَكَ شَرَّبُ مَعَكَ شَرَّ مِنْهُ الشَّيْطَانُ

## বাংলা

২১৬৭. আবী হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক ব্যক্তিকে দাঁড়িয়ে পানি পান করতে দেখে তাকে বলেন,"তুমি বিড়ালের সাথে পান করতে পছন্দ করবে কি?" সে বললো, না। তিনি বললেন: "এর চেয়েও অধিক অনিষ্টকারী শয়তান তোমার সাথে পান করেছে।"[1]

## ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ সহীহ।

তাখরীজ: আহমাদ ২/৩০১; তাহাবী, মুশকিলিল আছার ৩/১৯; দেখুন, ফাতহুল বারী ১০/৮২।

ইমাম নাবাবী এ উভয় প্রকার হাদীসের সমন্বয় সাধনে তার শারহে মুসলিম ৪/৭৭ এ বিস্তারিত আলোচনা করেছেন। যার সংক্ষিপ্ত সার: দাঁড়িয়ে পান করার নিষেধাজ্ঞা মুলত: মাকরহ তানযীহী। আর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর দাঁড়িয়ে পান করার বর্ণনা মুলত: তা জায়েয বর্ণনা করে দেওয়া উদ্দেশ্য।" আরও দেখুন, ফাতহুল বারী ১০/৮১-৮৫; ইবনু আবী শাইবা ৮/২০৩-২০৬।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন